শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩০৩.২০১৬-১৪৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭
০৭ মার্চ ২০২১

**বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রস্তাব প্রেরণ**

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৭১১.১৪.০০১.২০১৭.০৬; তারিখ: ১১/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠাকামো উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি ৩৫৩.৫২ কোটি (তিনশত তেপ্পান্ন কোটি বায়ান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৭ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদ বাস্তবায়নের নিমিত্ত একনেক কর্তৃক গত ২৮/১১/২০১৭ তারিখ অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ৩৭৫.৩৩ কোটি (তিনশত পঁচাত্তর কোটি তেত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ১৯/০৩/২০২০ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। জানুয়ারি ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪৪.৫২% এবং আর্থিক অগ্রগতি ১৪৬.৬৪ কোটি টাকা (৩৯.০৭%)।

০২। আলোচ্য প্রকল্পে ৩১৫ মিঃ ও ১৩৫ মিঃ দৈর্ঘ্যরে ২টি ব্রীজ অন্তর্ভুক্ত রয়েছে। এ সকল ব্রীজের দৈর্ঘ্য ১০০মিঃ এর বেশী হওয়ায় বিস্তারিত হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল জরীপ কার্যক্রম ডিজাইন প্রক্রিয়া সম্পন্ন করে গত ১৫/০৯/২০২০ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমানে উক্ত ব্রিজ ২টির কাজ চলমান রয়েছে। সুষ্ঠুভাবে এ ২টি ব্রীজের কার্যক্রম সম্পন্ন করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হবে। এছাড়া প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি-তে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশিত ১৫টি ব্রীজ ও ১৬টি রাস্তা অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত ১৫টি ব্রীজের বিস্তারিত মাঠ জরীপ সম্পন্ন করে বিস্তারিত ডিজাইন ও প্রাক্কলন প্রণয়নের জন্য কনসালটেন্ট নিয়োগ করে ডিজাইন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অনুমোদিত সংশোধিত ডিপিপির আওতায় গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। গত ০১/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় প্রকল্পটির ০১ বছর মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয় (সংযুক্তি-১)।

০৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ জুলাই ২০১৭ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

০৭/০৩/২১
(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫০১২
planning1.lgd@gmail.com

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।